

স্মারক নং - 13/21/BCHN/15-16

তারিখ - 16/06/2015

বিজ্ঞপ্তি

এতদ্বারা বর্তমান শিক্ষাবর্ষে মাধ্যমিকের শ্রেণীতে পাঠরতা এবং ভর্তিপ্রাপ্ত সকল তপশিলী জাতি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত ছাত্রদের জানানো যাইতেছে যে, পশ্চিমবঙ্গ সরকার তাহাদের সুবিধার্থে প্রতিবছরের ন্যায় বর্তমান শিক্ষাবর্ষেও (২০১৫-২০১৬) বগুলায় (বগুলা শ্রীকৃষ্ণ কলেজের সন্নিহিত) অবস্থিত কেন্দ্রীয় ছাত্রাবাসে নদীয়া জেলার প্রত্যন্ত প্রান্তের দরিদ্র ও মেধাবী ছাত্রদের নিজস্ব পড়াশুনা চালাইবার সুবিধার্থে ঐ ছাত্রাবাসে আবাসিক হইবার ব্যবস্থা করিয়াছেন।

এই উদ্দেশ্যে বগুলা এবং তাহার পার্শ্ববর্তী এলাকায় অবস্থিত উচ্চ বিদ্যালয় (XI-XII) ও মহাবিদ্যালয়ে ভর্তি হইয়াছেন এমন ছাত্রগণ এই ছাত্রাবাসে আনাসিক হইবার জন্য ছাত্রাবাস হইতে প্রাপ্ত আবেদন পত্র সংগ্রহ করিবেন এবং নিম্নলিখিত প্রমানাদিসহ যথাযথভাবে পূরণ করা আবেদন পত্র ছাত্রাবাসের সুপারিন্টেন্ডেন্ট মহাশয়ের নিকট জমা দিবেন।

বগুলা ছাত্রাবাসে আবাসিক হইবার জন্য আবেদন পত্র ২২-০৬-২০১৫

তারিখ হইতে ২৫-০৭-২০১৫ তারিখ পর্যন্ত বিতরণ করা হইবে এবং যথাযথভাবে পূরণ করা আবেদনপত্র উপযুক্ত প্রমানাদি সহ ২৭-০৭-২০১৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হইবে। কোন অবস্থাতেই ২৭-০৭-২০১৫ তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হইবে না।

আবেদন পত্রের সহিত নিম্নে বর্ণিত প্রমানাদি দিতে হইবে অন্যথায় আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১) পাঠরত শিক্ষাপ্রতিষ্ঠানে ভর্তির মসিদের প্রত্যায়িত নকল।

২) পিতামাতা বা অভিভাবকের বাৎসরিক আয়ের প্রমানপত্র এবং বাসস্থান হইতে ছাত্রাবাসের দুরত্বের প্রমান পত্র যথাক্রমে সভাপতি, পঞ্চায়েত সমিতি/ বি.ডি.ও./ গেজেটেড অফিসার/ জেলা পরিষদ সদস্য/ চেয়ারম্যান/ কমিশনার পৌরসভা দ্বারা প্রদত্ত হইতে হইবে।

৩) চাকুরীজীবী অভিভাবকদের ক্ষেত্রে ড্রইং এন্ড ডিসবারসিং অফিসার দ্বারা প্রদত্ত ৩১শে মার্চ ২০১৫ সালে শেষ হওয়া পূর্ববর্তী বৎসরের সর্বমোট আয়ের ভিত্তিতে মাসিক আয়ের প্রমান পত্র দাখিল করিতে হইবে।

৪) মাধ্যমিক/ উচ্চমাধ্যমিক/ বি.এ., বি.এস.সি., পরীক্ষার মার্কসীটের এবং সার্টিফিকেটের প্রত্যায়িত নকল।

৫) জাতিগত পরিচয় পত্র:- মহকুমা শাসকের শংসা পত্রের প্রত্যায়িত নকল অন্যথায় সভাপতি, পঞ্চায়েত সমিতি/ গেজেটেড অফিসার/ জেলা পরিষদ সদস্য/ চেয়ারম্যান, কমিশনার পৌরসভা দ্বারা প্রদত্ত।

বর্তমান শিক্ষা বৎসরে কেন্দ্রীয় ছাত্রাবাসে আবাসিক হইবার জন্য নিম্নলিখিতভাবে আসন পাওয়া যাইবে যাহা প্রয়োজনে পরিবর্তন যোগ্য।

উচ্চ মাধ্যমিক স্তরের জন্য
স্নাতক স্তরের জন্য

০৪ জুন
১৯ জুন
২৩ জুন

উপরোক্ত সংখ্যক আসনের তিন গুন হারে আবেদন পত্র বিতরণ করা হইবে এবং এই বিতরণ পর্ব প্রথমে আসিলে প্রথমে পাওয়া যাইবে এই ভিত্তিতে হইবে।

যথাযথভাবে পূরণ করা আবেদন পত্রগুলি পাওয়ার পর নির্দিষ্ট নিয়মাবলী অনুযায়ী সমস্ত আবেদন পত্রগুলি পরীক্ষা করিয়া নির্দিষ্ট আসনের কোটা অনুযায়ী ছাত্র ভর্তির তালিকা নির্ণয় করা হইবে এবং ঐ তালিকা ছাত্রাবাসের নোটিশ বোর্ডে সকলের জানিবার জন্য টাঙ্গাইয়া দেওয়া হইবে।

কোনভাবেই অসম্পূর্ণ আবেদন পত্র অথবা যথাযথভাবে পূরণ করা হয় নাই এমন আবেদনপত্র গ্রহণ করা হইবে না এবং আবেদনকারীকে উহা বাতিলের কোনরূপ কারন দর্শাইতে কর্তৃপক্ষ বাধ্য থাকিবেন না।

Amit
Ph put up in website
22.06.

